গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
সমাজসেবা অধিদফতর
মিরপুর-১৪, ঢাকা-১২০৬

## সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen`s Charter)

**ভিশন (Vision) :** এদেশের দারিদ্র্য ও অবহেলিত জনগোষ্ঠির এক বিরাট অংশ হচ্ছে প্রতিবন্ধী। এদের শিক্ষা, প্রশিক্ষণ ও পুনর্বাসনের লক্ষ্যে প্রয়োজনীয় দক্ষ জনবল সৃষ্টি, বিশেষ শিক্ষা উপকরণ তৈরি ও বিতরণসহ সর্বস্তরের জনগণকে সচেতন ও উদ্বুদ্ধকরণে সহায়তা প্রদান করে সমাজের মূল স্রোতধারায় একীভূত করা এ কেন্দ্রের মূল উদ্দেশ্য।

**প্রতিশ্রুত সেবাসমূহ:**

<table>
<tr><th>ক্রমিক নং</th><th colspan="2">সেবার নাম</th><th colspan="3">সেবার বিবরন</th><th>সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি</th><th>সেবা প্রদানের সময়সীমা</th><th>দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (পদবি, ফোন ও ইমেইল)</th></tr>
<tr><td>(১)</td><td colspan="2">(২)</td><td colspan="3">(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td></tr>
<tr><td>০১</td><td>বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ</td><td>বি.এস.এড<br>ও<br>এম.এস.এড</td><td colspan="3">ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ( বি. এস. এড)<br>মাস্টার্স অব স্পেশাল এডুকেশন (এম.এস.এড)<br>অধিভুক্তি- জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর<br>বি.এস.এড আসন সংখ্যা- ১০৫ জন (মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটা ৫ জন সহ)।<br>এম.এস.এড আসন সংখ্যা- ১০৫ জন (মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধী কোটা ৫ জন সহ)।<br>সেশন- জানুয়ারি থেকে ডিসেম্বর<br>ভর্তি কার্যক্রম- নভেম্বর থেকে ডিসেম্বর<br>ক্লাশ শুরু- জানুয়ারি।</td><td>জাতীয় বিশ্ববিদ্যালয় কতৃক নির্ধারিত ফি</td><td>১ (এক) বছর</td><td>অধ্যক্ষ (প্রশাসনিক)<br>উপাধ্যক্ষ (একাডেমিক)<br>প্রভাষক (ভর্তি কার্যক্রম)<br>+8802-41000435-9<br>ncse.dss@gmail.com</td></tr>
<tr><td>০২</td><td colspan="2">বিশেষায়িত কলেজ<br>(এইচ.এস.সি)</td><td colspan="3">এসএসসি পাস সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তি<br>(আসন সংখ্যা ও কার্যক্রম প্রক্রিয়াধীন)</td><td>মাধ্যমিক ও উচ্চমাধমিক শিক্ষাবোর্ড কর্তৃক নির্ধারিত ফি</td><td>২ বছর</td><td>ঐ</td></tr>
<tr><td rowspan="5">০৩</td><td rowspan="5">প্রতিবন্ধী বিদ্যালয়</td><td>বিদ্যালয়ের নাম</td><td>অনুমোদিত আসন সংখ্যা</td><td>আবাসিক আসন সংখ্যা</td><td>আনাবাসিক আসন সংখ্যা</td><td rowspan="5">বিনামূল্যে</td><td rowspan="2">ভর্তির বয়সীমা<br>৫-১১ বছর</td><td rowspan="5">প্রধাণ শিক্ষক<br>স্ব স্ব বিদ্যালয়</td></tr>
<tr><td>সরকারি বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়</td><td>৫০</td><td>ছেলে ২০<br>মেয়ে ১০</td><td>ছেলে-১০<br>মেয়ে-১০</td></tr>
<tr><td>সরকারি বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয় (১ম শ্রেণি-১০ম শ্রেণি পর্যন্ত)</td><td>প্রাথমিক ৭০</td><td>মেয়ে ২০<br>ছেলে ৩০ (পি এইচ টি সি)</td><td>ছেলে-১০<br>মেয়ে-১০</td><td rowspan="3">সেবা প্রাপ্তির বয়সীমা<br>অনূর্ধ ১৬ বছর</td></tr>
<tr><td>সরকারি দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়(১ম শ্রেণি-১০ম শ্রেণি পর্যন্ত)</td><td>প্রাথমিক ৭০</td><td>মেয়ে ২০<br>ছেলে ৩০ (পি এইচ টি সি)</td><td>ছেলে-১০<br>মেয়ে-১০</td></tr>
<tr><td>মোট</td><td>১৯০ জন</td><td>১৩০ জন</td><td>৬০ জন</td></tr>
</table>

রোখসানা পারভীন
অধ্যক্ষ
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
সমাজসেবা অধিদফতর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | রিসোর্স সেকশন | ক) হিয়ারিং এইড শাখার মাধ্যমে শ্রবণ ক্ষমতার মাত্রা নিরুপন, ইয়ারমোল্ড তৈরি ও মেরামত।<br>খ) টিচিং এইড শাখায় বুদ্ধি , শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র ছাত্রীদের জন্য বিশেষ শিক্ষা উপকরণ তৈরি, ক্রয় ও বিতরণ।<br>গ) লাইব্রেরি: প্রতিবন্ধিতা ও অন্যান্য সাধারণ বিষয়ের উপর বই ও সাময়িকী সমৃদ্ধ একটি গ্রন্থাগার রয়েছে । এর মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক, অতিথি বক্তা ও প্রশিক্ষণার্থীসহ কেন্দ্রের সকল শ্রেণির পাঠককে পাঠ সেবা প্রদান করে যাচ্ছে। | বিনামূল্যে | স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষার্থীগন বিদ্যালয়ে শিক্ষাগ্রহণকালীন সময় | ম্যানেজার ও লাইব্রেরিয়ান |
| ০৫ | শিক্ষা সহায়ক কার্যক্রম | * তিনটি বিদ্যালয়ের প্রতিবন্ধী শিশুর জন্য ADL (Daily Living Activities) প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।<br>* প্রতিবন্ধী শিশুদের জন্য আর্থসামাজিক উন্নয়নের জন্য স্কুলে সাধারণ শিক্ষার পাশাপাশি বৃত্তিমূলক প্রশিক্ষণ- আর্ট, পেইন্টিং, সেলাই, ব্লক প্রিন্ট, হ্যান্ড গ্লাস পেইন্ট, কাটিং, পেস্টিং, স্বাস্থ্য ও যত্ন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা চালু আছে।<br>* প্রতিবন্ধী শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য নিয়মিত শরীরচর্চা, খেলাধূলা, বয়েজ স্কাউট, গার্লস গাইড, নাচ,গান,আবৃত্তি,সাংস্কৃতিক ও চিত্তবিনোদনের ব্যবস্থা রয়েছে।<br>* বি.এস.এড ও এম.এস.এড শিক্ষার্থীদের জন্য শিক্ষা সফরের ব্যবস্থা রয়েছে। | বিনামূল্যে | কলেজ (প্রযোজ্য ক্ষেত্রে) ও বিদ্যালয়ের শিক্ষার্থীগন (শিক্ষাগ্রহণকালীন সময়) | সংশ্লিষ্ট শিক্ষক |
| ০৬ | বিশেষ শিক্ষা পদ্ধতিসমূহ | * প্রত্যেক ছাত্র/ছাত্রীর জন্য ব্যক্তিকেন্দ্রিক শিক্ষা পরিকল্পনা (আই.ই.পি) তৈরি করা হয়।<br>* বুদ্ধি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য বিহেভিয়ার মডিফিকেশন থিওরি, ওয়ার্ক এনালাইসিস, মডেলিং, চেইনিং, শেইপিং, প্রম্পটিং, রিইনফোর্সমেন্ট, প্লে -থেরাপী, মিউজিক থেরাপী ইত্যাদি পদ্ধতি ব্যবহার করা হয়।<br>* শারীরিক সমস্যা গ্রস্থ শিশুদের জন্য নিয়মিত ফিজিওথেরাপি,অকুপেশনাল থেরাপি ও স্পীচ থেরাপির ব্যবস্থা রয়েছে।<br>* বাক ও শ্রবণ প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের জন্য ইশারা ভাষা, সর্বিক যোগাযোগ পদ্ধতি, এদের কথা বলা প্রশিক্ষণ ও হিয়ারিং এইড ব্যবহারের প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>* দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ব্রেইল পদ্ধতিতে শিক্ষাদান করা হয়। এছাড়া গণিত শিখানোর জন্য এবাকাস ও টেইলার ফ্রেমের ব্যবহার, সাদাছড়ি ব্যবহার, সাইটেট গাইড, নিরাপদ চলাচলের জন্য ওরিয়েন্টেশন ও মবিলিটি প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | বিনামূল্যে | স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষার্থীগন বিদ্যালয়ে শিক্ষাগ্রহণকালীন সময় | সংশ্লিষ্ট শিক্ষক |

রোকসানা পারভীন
অধ্যক্ষ
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
সমাজসেবা অধিদফতর
মিরপুর-১৪, ঢাকা ১২০৬।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৭ | **প্রশিক্ষণ** | ➢ পেশাগত দক্ষতা বৃদ্ধি।<br>➢ কম্পিউটার প্রশিক্ষণ।<br>➢ ইশারাভাষা প্রশিক্ষণ।<br>➢ শিশু আইন, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাষ্ট আইন-২০১৩ ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন- ২০১৩ ।<br>➢ প্রাথমিক চিকিৎসা ও স্বাস্থ্য পরিচর্যা সচেতনতামূলক প্রশিক্ষণ।<br>➢ শিক্ষা উপকরণ প্রস্তুত করণ প্রশিক্ষণ<br>➢ যৌন হয়রানি ও শিশু নির্যাতন সম্পর্কে সচেতনতামূলক প্রশিক্ষণ। | বিনামূল্যে | বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ ও স্কুলের শিক্ষকবৃন্দ, ছাত্র-ছাত্রী, প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের অভিভাবক এবং অফিসের কর্মকর্তা কর্মচারীবৃন্দ, বিশেষ শিক্ষায় শিক্ষক হতে আগ্রহী ছাত্র-ছাত্রী। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ০৮ | **হোস্টেল কার্যক্রম** | কেন্দ্রে মোট ২৩৫ জন বুদ্ধি, শ্রবণ ও দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের জন্য পৃথক পৃথক আবাসিক ব্যবস্থা রয়েছে। সরকারি খরচে এদের খাদ্য, প্রসাধনী, পোশাক ও ঔষধ সরবরাহ করা হয়ে থাকে। | বিনামূল্যে | অনূর্ধ ১৬ বছর | হাউজ প্যারেন্ট |
| ০৯ | **ফিজিওথেরাপি, স্পীচ থেরাপি, অকুপেশনাল থেরাপী, প্লে -থেরাপী ও মিউজিক থেরাপী** | বুদ্ধি, শারিরীক, বাক ও শ্রবণ এবং দৃষ্টি প্রতিবন্ধী সমস্যাগ্রস্ত শিশুদের স্বাভাবিক করে গড়ে তোলার জন্য। | বিনামূল্যে | অনূর্ধ ১৬ বছর | দায়িত্বপ্রাপ্ত থেরাপিষ্ট |
| ১০ | চিকিৎসা কার্যক্রম | কেন্দ্রের সকল প্রতিবন্ধী শিশুর নিয়মিত স্বাস্থ্য পরিচর্যা ও চিকিৎসা সেবা প্রদানের জন্যে একজন খন্ডকালীন ডাক্তার ও একজন সার্বক্ষণিক নার্স (সিনিয়র স্টাফ নার্স) নিয়োজিত রয়েছেন। | বিনামূল্যে | স্ব স্ব বিদ্যালয়ের শিক্ষার্থীগণ | খন্ডকালীন ডাক্তার ও নার্স |

রোখসানা পারভীন
অধ্যক্ষ
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র
সমাজসেবা অধিদফতর
মিরপুর-১৪, ঢাকা ১২০৬।